# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ কুরআনের প্রতি আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

যে খুব সুন্দর কুরআন পড়তে পারে, তার নিকট থেকে কুরআন শুনতে চাওয়া মুস্তাহাব

একদা আল্লাহর রাসুল (ﷺ) আব্দুল্লাহ বিন মাসঊদের নিকট থেকে কুরআন শুনতে চাইলেন। ইবনে মাসঊদ (রাঃ) বললেন, ‘আমি আপনার নিকট কুরআন পড়ব, অথচ কুরআন আপনার উপর নাযিল হয়েছে?’ তিনি বললেন, “আমি তা অপরের নিকট থেকে শুনতে ভালোবাসি।”[1]

অনেকের মনে প্রশ্ন জাগতে পারে যে, কুরআন পড়া ভাল, নাকি শোনা ভাল? আসলে উত্তম হল তাই করা, যা মনোযোগের জন্য এবং প্রভাবান্বিত হওয়ার ব্যাপারে বেশী উত্তম। কারণ, তিলাওয়াতের উদ্দেশ্য হল, আয়াতের অর্থ অনুধাবন, হৃদয়ঙ্গম ও মহান আল্লাহর কিতাব অনুযায়ী আমল।[2]

## ফুটনোট

[1]. বুখারী তাওহীদ পাবঃ হা/ ৫০৫৬

[2]. সালাতুল-লাইলি অত্-তারাবীহ, ইবনে বায ৪৬পৃঃ

Source — https://www.hadithbd.com/books/link/?id=7915

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন